নিউ ইয়র্ক স্টেট

যৌন হয়রানি প্রতিরোধমূলক প্রশিক্ষণ

কেস স্টাডি

অক্টোবর 2019 সংস্করণ

NEW YORK STATE | Combating Sexual Harassment

উদাহরণ 1

উদাহরণ: 1: "না"-কে উত্তর হিসবে গ্রহণ না করা

লি ইয়ানের সহকর্মী র‍্যালফ সবেমাত্র একটি বিবাহ বিচ্ছেদের মধ্য দিয়ে গিয়েছেন। কিছু কিছু ক্ষেত্রে তিনি মন্তব্য করেছেন যে তিনি নিঃসঙ্গ এবং তার তার একজন নতুন বান্ধবী প্রয়োজন। অতীতে লি ইয়ান ও র‍্যালফ বন্ধুভাবাপন্ন ছিল এবং অনেকবার তারা স্থানীয় রেস্তোঁরায় একত্রে লাঞ্চ করেছেন। র‍্যালফ লি ইয়ানকে তার সাথে ডেটে—ডিনার করতে এবং মুভি দেখতে যাওয়ার কথা বলে। লি ইয়ান র‍্যালফকে পছন্দ করে এবং তার সাথে ঘুরতে যেতে সম্মত হয়। তিনি র‍্যালফের সাথে তার ডেট উপভোগ করেন কিন্তু সিদ্ধান্ত নেন যে কোনো সম্পর্ক যাওয়া ঠিক হবে না। তিনি র‍্যালফকে একটি সুন্দর সময়ের জন্য ধন্যবাদ দেন কিন্তু বুঝিয়ে বলেন যে তিনি তার সাথে কোনো সম্পর্কে যেতে চান না। র‍্যালফ দুই সপ্তাহ অপেক্ষা করার পরে লি ইয়ানকে আরো ডেটের জন্য চাপ প্রয়োগ করতে থাকে। তিনি অগ্রাহ্য করেন, কিন্তু র‍্যালফ থামে না। তিনি তাকে বাইরে যেতে পীড়াপীড়ি করতে থাকে।

উদাহরণ: 1: "না"-কে উত্তর হিসবে গ্রহণ না করা

প্রশ্ন 1. র্যালফ যখন লি ইয়ানকে প্রথমবার ডেটের জন্য বলেছিল, সেটি যৌন হয়রানি ছিল।

সত্য না কি মিথ্যা?

NEW YORK STATE | Combating Sexual Harassment

উদাহরণ: 1: "না"-কে উত্তর হিসবে গ্রহণ না করা

প্রশ্ন 1. র্যালফ যখন লি ইয়ানকে প্রথমবার ডেটের জন্য বলেছিল, সেটি যৌন হয়রানি ছিল।

মিথ্যা: বান্ধবী খোঁজা বিষয়ে র্যালফের প্রাথমিক মন্তব্য এবং সহকর্মী লি ইয়ানকে ডেটের জন্য প্রস্তাব দেওয়া যৌন হয়রানি নয়। এমনকি লি ইয়ান যদি র্যালফকে প্রথম ডেটের ব্যাপারেই ফিরিয়ে দিত, ডেটের কথা বলে এবং মাঝে মাঝে মন্তব্যের মাধ্যমে তার ব্যক্তিগত জীবন সম্পর্কে মন্তব্য করে, যা কোনো সুস্পষ্ট যৌনতা নিয়ে নয়, র্যালফ অন্যায় কিছু করেনি।

উদাহরণ: 1: "না"-কে উত্তর হিসবে গ্রহণ না করা

প্রশ্ন 2. লি ইয়ান যৌন হয়রানির অভিযোগ করতে পারবেন না কারণ তিনি র‍্যালফের সাথে ডেটে গিয়েছিলেন।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 1: "না"-কে উত্তর হিসবে গ্রহণ না করা

প্রশ্ন 2. লি ইয়ান যৌন হয়রানির অভিযোগ করতে পারবেন না কারণ তিনি র‍্যালফের সাথে ডেটে গিয়েছিলেন।

মিথ্যা: বন্ধুভাবাপন্ন হওয়া, ডেটে যাওয়া অথবা এমনকি কোনো সহকর্মীর সাথে অতীত সম্পর্ক থাকার মানেও এই নয় যে র‍্যালফ লি ইয়ানের সাথে যা করেছেন সেটি করার অধিকার তার রয়েছে। র‍্যালফের সাথে তাকে কাজ করতে হবে, এবং তার (লি ইয়ান) ইচ্ছাকে তার (র‍্যালফ) অবশ্যই সম্মান করতে হবে এবং কোন ক্রমেই এমন আচরণ করা যাবে না যা এখন কর্মক্ষেত্রের জন্য অসঙ্গত হয়ে দাঁড়িয়েছে।

উদাহরণ: 1: "না"-কে উত্তর হিসবে গ্রহণ না করা

লি ইয়ান তার সুপারভাইজরের নিকট অভিযোগ করেছেন এবং সুপারভাইজর (যেহেতু আবশ্যক) তার অভিযোগ তার (লি ইয়ান) নিয়োগকর্তার দ্বারা অভিযোগ গ্রহণের জন্য মনোনীত ব্যক্তির নিকট রিপোর্ট করেছেন। র‍্যালফকে তার আচরণের ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হয়েছে এবং তিনি ক্ষমাপ্রার্থী। মনোনীত ব্যক্তি তাকে এসব বন্ধ করতে নির্দেশ দিয়েছেন। র‍্যালফ কিছু সময়ের জন্য থামেন, কিন্তু এরপরে আবার লি ইয়ানকে তার ডেস্কে ভালবাসার চিরকুটসহ উপহার রাখা শুরু করেন। স্পষ্টতভাবে ভালবাসার চিরকুটগুলি অবমাননাকর নয়, তবে র‍্যালফের আচরণ লি ইয়ানকে ভীত করতে শুরু করেছে, কারণ তিনি (লি ইয়ান) ভয় পাচ্ছেন যে তিনি (র‍্যালফ) তাকে অনুসরণ করতে পারেন।

উদাহরণ: 1: "না"-কে উত্তর হিসবে গ্রহণ না করা

প্রশ্ন 3. উপহার এবং ভালবাসার চিরকুটের সাথে র্যালফের পরবর্তী আচরণ যৌন হয়রানি নয় কারণ নির্দেশনা অনুযায়ী তিনি তাকে ডেটের কথা বলা বন্ধ করেছেন। তিনি তার সাথে ভাল ব্যবহার করেন, কারণ তিনি তাকে পছন্দ করেন।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 1: "না"-কে উত্তর হিসবে গ্রহণ না করা

প্রশ্ন 3. উপহার এবং ভালবাসার চিরকুটের সাথে র্যালফের পরবর্তী আচরণ যৌন হয়রানি নয় কারণ নির্দেশনা অনুযায়ী তিনি তাকে ডেটের কথা বলা বন্ধ করেছেন। তিনি তার সাথে ভাল ব্যবহার করেন, কারণ তিনি তাকে পছন্দ করেন।

মিথ্যা: লি ইয়ানের উচির র্যালফের আচরণ রিপোর্ট করা। তিনি কর্মক্ষেত্রে র্যালফের অসঙ্গত আচরণ বন্ধ করতে কার্যকর সহায়তার পাওয়ার অধিকারী ছিলেন। কারণ থামতে বলার পরেও র্যালফ লি ইয়ানকে আবারও জ্বালাতন করতে শুরু করেছেন, তার আচরণের জন্য তিনি গুরুতর শাস্তিমূলক ব্যবস্থার আওতায় আসতে পারেন।

উদাহরণ 2

উদাহরণ: 2: খারাপ মনোভাবসম্পন্ন বস

শ্যারন তার নিয়োগকারী সহ একটি নতুন স্থানে বদলি হন। তার নতুন সুপারভাইজর পল খুব বন্ধুভাবাপন্ন এবং তার কাজের নতুন দায়িত্বের সাথে পরিচিত হতে তাকে সাহায্য করে। কিছুদিন পর, আশেপাশে যখন কেউ ছিল না, পল শ্যারনের কাজের ক্ষেত্রে আসে গল্পগুজব করার জন্য। পল আগের রাতে কী করেছেন সে সম্পর্কে কথা বলেন, যা ছিল স্ট্রিপ ক্লাবে যাওয়া। কর্মক্ষেত্রে পল এমন একটি বিষয় নিয়ে আসবেন যা দেখে শ্যারন অবাক হয়ে যান এবং প্রতিক্রিয়ায় নিশ্চুপ থাকেন। পল কথা বলতে থাকেন এবং বলেন অফিসে সকল নারী এত অনাকর্ষণীয় যে তার বাইরে যাওয়ার প্রয়োজন হয় এবং মাঝে মাঝে "কিছু আকর্ষনীয় নারী দেখা" দরকার হয়। তিনি শ্যারনকে বলেন, প্রতিষ্ঠানের কর্মচারিবৃন্দের মাঝে শ্যারন যুক্ত হওয়ার কারণে তিনি (পল) খুশি, কারণ, অন্যদের বিপরীতে, তিনি "দেখতে আকর্ষণীয়"। শ্যারন অত্যন্ত অপমানিত বোধ করেন এবং দাবি করেন যে, তার কর্মক্ষেত্রে তিনি এবং অন্য নারীরা তাদের সৌন্দর্য্যের ভিত্তিতে তাদের সুপারভাইজর দ্বারা মূল্যায়িত হচ্ছেন।

উদাহরণ: 2: খারাপ মনোভাবসম্পন্ন বস

প্রশ্ন 1. পল শ্যারনকে যেহেতু বলেননি যে তিনি অনাকর্ষণীয়, তাই তিনি তাকে হয়রানি করেননি।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 2: খারাপ মনোভাবসম্পন্ন বস

প্রশ্ন 1. পল শ্যারনকে যেহেতু বলেননি যে তিনি অনাকর্ষণীয়, তাই তিনি তাকে হয়রানি করেননি।

মিথ্যা: পল শ্যারনের প্রতি স্পষ্ট যৌনতামূলক বক্তব্য দিয়েছেন, যা শ্যারন এবং তার নারী সহকর্মীদের জন্য অসম্মানজনক এবং অবমাননাকর। পল শ্যারনকে "প্রশংসা" করে থাকতে পারেন তাতে কিছুই আসে যায় না। তথাপি এই আলোচনাটি শ্যারনের জন্য অত্যন্ত অবমাননাকর, যা কি না তার অবস্থানের সবচেয়ে কাণ্ডজ্ঞানসম্পন্ন মানুষের জন্যও তাই হবে।

উদাহরণ: 2: খারাপ মনোভাবসম্পন্ন বস

প্রশ্ন 2. স্ট্রিপ ক্লাবে যাওয়ার কথা উঠিয়ে, পল কর্মক্ষেত্রে অসঙ্গত আচরণে লিপ্ত হচ্ছেন৷

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 2: খারাপ মনোভাবসম্পন্ন বস

প্রশ্ন 2. স্ট্রিপ ক্লাবে যাওয়ার কথা উঠিয়ে, পল কর্মক্ষেত্রে অসঙ্গত আচরণে লিপ্ত হচ্ছেন।

সত্য: শুধুমাত্র স্ট্রিপ ক্লাবে যাওয়ার কথা আলোচনায় নিয়ে আসাটাই কর্মক্ষেত্রে অসঙ্গত কাজ, বিশেষ করে একজন সুপারভাইজরের দ্বারা, এবং শ্যারনের জন্য এটি রিপোর্ট করা যথাযথ হবে। স্ট্রিপ ক্লাবে যাওয়া বিষয়ক মন্তব্য এমন আচরণ যা করতে পলকে নিষেধ করা হবে এটি ক্ষুদ্র বা তুচ্ছ বিষয়ের এর থেকে অনেক বেশি এবং বেআইনীভাবে পুনরাবৃত্তি করার প্রয়োজন নেই।

উদাহরণ: 2: খারাপ মনোভাবসম্পন্ন বস

প্রশ্ন 3. এই ধরনের মন্তব্য করতে পলকে নির্দেশনা প্রদান করতে হবে, তবে এটি কোনো গুরুতর বিষয় নয়।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 2: খারাপ মনোভাবসম্পন্ন বস

প্রশ্ন 3. এই ধরনের মন্তব্য করতে পলকে নির্দেশনা প্রদান করতে হবে, তবে এটি কোনো গুরুতর বিষয় নয়।

মিথ্যা: নারী কর্মচারী সম্পর্কে পলের মন্তব্য একটি গুরুতর বিষয় এবং এটি কর্মক্ষেত্রে নারী সম্পর্কে তার অবমাননা প্রকাশ করে। যথাযথ আচরণ প্রদর্শন করা এবং লিঙ্গ বা অন্য কোনো সংরক্ষিত চারিত্রিক বৈশিষ্ট্যের ভিত্তিতে কর্মচারীদের অবমাননা প্রদর্শন না করা পলের জন্য আবশ্যক। শ্যারনকে এমন কারো জন্য আর কাজ করা উচিত হবে না যার কথা তিনি জানেন - যিনি মনে মনে নারীদের জন্য অবমাননা পোষণ করেন- এমনকি অন্যান্য কর্মচারীদেরকেও এমন সুপারভাইজরের জন্য কাজ করা উচিত হবে না। এটি সম্পর্কে ম্যানেজমেন্টকে সচেতন হতে হবে, এমনকি অন্যান্য কর্মচারী যদি নাও হয় তবুও, এবং পলকে শৃঙ্খলাবদ্ধ এবং সম্ভবত, তার বর্তমান অবস্থান থেকে অপসারিত করা উচিত।

উদাহরণ 3

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

কার্লা একজন লাইসেন্সধারী ভারী যন্ত্রপাতি অপারেটর হিসেবে কাজ করেন। তার কিছু পুরুষ সহকর্মী তাকে উত্ত্যক্ত করার বিষয়টিকে মজার মনে করে। কার্লা প্রায়ই "সাবধান, এই যে সেই পাগলী মহিলা চালক আসছে!" ধরনের মন্তব্য শোনেন রসিকতা হিসেবে। এছাড়াও, কেউ একজন কর্মক্ষেত্রের একমাত্র বহনযোগ্য শৌচাগারে হাতে লেখা সাইন দিয়ে যাচ্ছে যাতে লেখা, "শুধুমাত্র পুরুষদের জন্য"।

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

প্রশ্ন 1. ঐতিহ্যগতভাবে পুরুষের কাজে থাকা নারীকে উত্যক্ত করার বিষয়টিকে আশা করা উচিত এবং রকিকতার মন্তব্যগুলি খুব গুরুত্ব সহকারে গ্রহণ করা উচিত নয়।

সত্য না কি মিথ্যা?

NEW YORK STATE | Combating Sexual Harassment

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

প্রশ্ন 1. ঐতিহ্যগতভাবে পুরুষের কাজে থাকা নারীকে উত্যক্ত করার বিষয়টিকে আশা করা উচিত এবং রকিকতার মন্তব্যগুলি খুব গুরুত্ব সহকারে গ্রহণ করা উচিত নয়।

মিথ্যা: কার্লা কি হয়রানি হচ্ছে কি না সেটি আংশিকভাবে নির্ভর করে পরিস্থিতিটির বিষয়ে কার্লার মতামতের উপর; যা হচ্ছে, তিনি আচরণটিকে অবমাননাকর মনে করছেন কি না। তবে, যদি কোনো সময় কার্লা হয়রানি হচ্ছেন বলে মনে করেন, তাহলে কোন প্রকার অভিযোগ ছাড়া তিনি এটি সহ্য করেছেন কি না এবং কতদিন ধরে করেছেন তা নির্বিশেষে, তিনি এই আচরণের বিরুদ্ধে অভিযোগ করার এবং এটি বন্ধ করানোর অধিকার রাখেন। যথেষ্ট হয়েছে - এই কথাটি কার্লা সবসময়েই বলতে পারেন। অকার্যকর এবং অব্যাহত সম্পর্কিত বিষয়গুলির জন্য কার্লাকে শর্তাবলী অনুযায়ী কর্মসংস্থানের সুযোগ সুবিধাগুলি থেকে বাঁধা দেওয়া এবং ক্ষুদ্র বা তুচ্ছ হিসাবে বিবেচনা করা যাবে না।

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

প্রশ্ন 2. কার্লা অভিযোগ করতে পারে না, কারণ সাইট সুপারভাইজর এই রসিকতার আচরণে মাঝে মাঝে যুক্ত হন, ফলে তার কোথাও যাওয়ার জায়গা নেই।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

প্রশ্ন 2. কার্লা অভিযোগ করতে পারে না, কারণ সাইট সুপারভাইজর এই রসিকতার আচরণে মাঝে মাঝে যুক্ত হন, ফলে তার কোথাও যাওয়ার জায়গা নেই।

মিথ্যা: কার্লা এরপরেও সুপারভাইজরকে অভিযোগ করতে পারেন, যার ফলে তিনি (সুপারভাইজর) লক্ষ্য করবেন যে, এই ধরনের আচরণ কার্লাকে বিরক্ত করে এবং তা অবশ্যই বন্ধ করতে হবে। কার্লার অভিযোগ গুরুতরভাবে নিতে ব্যর্থতার কারণে সুপারভাইজরের দিকে গুরুতর অসদাচরণ অভিযোগ তৈরি হয়। সুপারভাইজরের নিকট যাওয়ার বদলে বা যাওয়ার পরে, কার্লা তার নিয়োগকর্তার মাধ্যমে অভিযোগ গ্রহণ করার জন্য মনোনীত ব্যক্তির নিকট সরাসরি অভিযোগ করতে পারেন। সকল কর্মচারী প্রতিষ্ঠানের হয়রানি-বিরোধী নীতিমালা এবং কার্যপ্রণালী বিষয়ে সচেতন থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য নিয়োগকর্তা দায়বদ্ধ।

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

কার্লার অন্য সহকর্মীদের মধ্যে কেউ কেউ খুব শক্তভাবে ঐতিহ্যগতভাবে শুধুমাত্র পুরুষের জন্য পেশায় তার উপস্থিতির বিরোধী। এই সকল সহকর্মী তাকে কখনো কখনো, "আপনি একটি কাজ দখল করছেন যা আরেকজন পুরুষের প্রাপ্য ছিল", "সন্তানদের সাথে আপনার বাড়িতে থাকা উচিত" এবং, "আপনি কেমন মা?"-এর মত কথাবার্তা বলেছে। এছাড়াও, কেউ একজন কার্লার টুলবক্সে আঁচড়ে "কুত্তি" শব্দটি লিখেছে।

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

প্রশ্ন 3. এই সকল আচরণ রুঢ় হলেও, যৌন হয়রানি নয় কারণ এগুলো প্রকৃতিতে যৌনতাসূচক নয়।

সত্য না কি মিথ্যা?

NEW YORK STATE | Combating Sexual Harassment

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

প্রশ্ন 3. এই সকল আচরণ রুঢ় হলেও, যৌন হয়রানি নয় কারণ এগুলো প্রকৃতিতে যৌনতাসূচক নয়।

মিথ্যা: এই আচরণগুলি তাকে নির্দেশ করে করা, কারণ তিনি একজন নারী এবং তাকে সন্ত্রস্ত করতে এবং তাকে কাজ ছেড়ে দিতে বাধ্য করতে চায় বলেই মনে হয়। প্রকৃতিতে যৌনতাসূচক না হলেও, এই হয়রানি তার লিঙ্গের কারণে এবং শত্রুতাপূর্ণ কর্ম পরিবেশ তৈরি করবে।

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

কার্লা রসিকতা এবং আচরণগুলো নিয়ে অভিযোগ করে, এবং একটি তদন্ত পরিচালনা করা হয়। কার্লার টুলবক্সকে কে বিকৃত করেছে তা নির্ধারণ করা যাচ্ছে না। তার সহকর্মীদেরকে তাদের আচরণ বন্ধ করতে বলা হয়েছে, নতুবা তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অভিযোগ করা হবে বলে জানানো হয়েছে। সুপারভাইজর কার্লার সাথে কথা বলেছেন এবং আর কোন সমস্যা হলে তাৎক্ষণিকভাবে তার কাছে আসতে বলেছেন। এরপরে কার্লা দেখলেন যে, কেউ একজন তার টুলবক্সে মূত্র ত্যাগ করেছে।

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

প্রশ্ন 4. কার্লা কিছু করার নেই কারণ তিনি প্রমাণ করতে পারবেন না যে তার টুলবক্সটি কে বিকৃত করেছে।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 3: মহিলাদের জন্য কোনো কাজ নেই?

প্রশ্ন 4. কার্লা কিছু করার নেই কারণ তিনি প্রমাণ করতে পারবেন না যে তার টুলবক্সটি কে বিকৃত করেছে।

মিথ্যা: কার্লাকে তার সুপারভাইজরের সাথে তাৎক্ষণিকভাবে কথা বলতে হবে, অথবা তার নিয়োগকর্তা দ্বারা অভিযোগ গ্রহণ করার জন্য মনোনীত ব্যক্তির সাথে যোগাযোগ করতে হবে। যদিও পরিস্থিতি অত্যন্ত জটিল হয়ে গিয়েছে, তবে কার্লাকে সহায়তা করা এবং সমাধান খোঁজা নিয়োগকর্তার দায়িত্ব। অবিলম্বে একটি যথাযথ তদন্ত গ্রহণ করা উচিত এবং যথাযথ প্রতিকারমূলক পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

উদাহরণ 4

উদাহরণ: 4: অস্বস্তিকর ঘনিষ্ঠতা

কেইশা খেয়াল করেছে যে তার নতুন বস, সারাহ, যখন তার প্রস্তুত করা রিপোর্টে নজর বুলাচ্ছে তখন তার দিকে অতিমাত্রায় হেলছে। তারা কাজ নিয়ে আলোচনা করার সময় সে ঘন ঘন তার হাত বা কাঁধ স্পর্শ করে। এই সকল পরিস্থিতিতে কেইশা চেষ্টা করে তার থেকে দূরে সরে যতে, কিন্তু সে এই বার্তাটি ধরতে পারে বলে মনে হয় না।

উদাহরণ: 4: অস্বস্তিকর ঘনিষ্ঠতা

প্রশ্ন 1. কেইশার উচিত সারাহর আচরণ একদম উপেক্ষা করা।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 4: অস্বস্তিকর ঘনিষ্ঠতা

প্রশ্ন 1. কেইশার উচিত সারাহর আচরণ একদম উপেক্ষা করা।

মিথ্যা: কেইশা যদি সারাহর আচরণে অস্বস্তি বোধ করে তাহলে, তার বিকল্প উপায় রয়েছে। সে তা করতে স্বচ্ছন্দ বোধ করলে তার উচিত সারাহকে পিছিয়ে যেতে বলা ,কারণ তার ঘনিষ্ঠতা এবং স্পর্শ করা তাকে অস্বস্তিতে ফেলে দেয়। অন্য বিকল্পটি হচ্ছে সরাসরি কোনো একজন ব্যক্তির নিকট অভিযোগ করা, যিনি তার নিয়োগকর্তা দ্বারা অভিযোগ গ্রহণ করার জন্য মনোনীত, যিনি সারাহর সাথে কথা বলবেন। এই ধরনের আচরণে লিপ্ত হবার জন্য সারাহর কোনো যৌক্তিক কারণ নেই।

উদাহরণ: 4: অস্বস্তিকর ঘনিষ্ঠতা

কেইশা অভিযোগ করার পূর্বেই, সারাহ একটি মিটিং-এর আগে কনফারেন্স রুমে তার পেছনে ছুঁয়ে দেয়। সে এখন সত্যিই বিরক্ত হচ্ছে কিন্তু সে এখনও এটি সম্পর্কে কিছু করা বন্ধ রাখছে। পরবর্তীতে কাজের আলোচনা শেষ করার পরে সারাহ কেইশাকে ছোট অফিস এবং তার মাঝখানে দাঁড়িয়ে "কৌশলে আঁটকে ফেলে"। কেইশা জানে না সে কী করবে, তাই সে বের হবার জন্য তাকে অগ্রাহ্য করে চলে আসে। সে তা করার পর পরই সারাহ কেইশার বুকে হাত রাখে।

উদাহরণ: 4: অস্বস্তিকর ঘনিষ্ঠতা

প্রশ্ন 2. কনফারেন্স রুমে কেইশার পেছনে সারাহর ছুঁয়ে দেয়াটি অনিচ্ছাকৃত হতে পারে এবং কেইশাকে সারাহর সম্পর্কে অভিযোগ করার জন্য কোন অতিরিক্ত সঙ্গত কারণ প্রদান করে না।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 4: অস্বস্তিকর ঘনিষ্ঠতা

প্রশ্ন 2. কনফারেন্স রুমে কেইশার পেছনে সারাহর ছুঁয়ে দেয়াটি অনিচ্ছাকৃত হতে পারে এবং কেইশাকে সারাহর সম্পর্কে অভিযোগ করার জন্য কোন অতিরিক্ত সঙ্গত কারণ প্রদান করে না।

মিথ্যা: সারাহ এখন ক্রমশ তীব্র হওয়া আচরণে লিপ্ত হচ্ছে। তার "অতি ঘনিষ্ঠ" এবং "স্পর্শ করা"র আচরণের ধরনে এমনটি ঘটার সম্ভাবনা কম যে এটি অনিচ্ছাকৃত ছিল। এমনকি, সারাহর অফিসে "কৌশলে আঁটকে" যাওয়ার পূর্বেই কেইশার উচিত ছিল তাকে অস্বস্থিতে ফেলা সকল আচরণ রিপোর্ট করা।

উদাহরণ: 4: অস্বস্তিকর ঘনিষ্ঠতা

প্রশ্ন 3. সারাহার কেইশার বুক স্পর্শ করা অসঙ্গত কিন্তু সম্ভবত বেআইনি হয়রানি নয় কারণ এটি মাত্র একবার ঘটেছে।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 4: অস্বস্তিকর ঘনিষ্ঠতা

প্রশ্ন 3. সারাহার কেইশার বুক স্পর্শ করা অসঙ্গত কিন্তু সম্ভবত বেআইনি হয়রানি নয় কারণ এটি মাত্র একবার ঘটেছে।

মিথ্যা: যে কোন ধরনের যৌন স্পর্শই গুরুতর এবং পুনাবৃত্তির জন্য অপেক্ষায় না থেকে কেইশার উচিত তাৎক্ষণিকভাবে এটি রিপোর্ট করা। সম্ভাব্য চাকরিচ্যুতিসহ, সারাহ আনুষ্ঠানিক শাস্তি পেতে পারে।

উদাহরণ 5

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

তাতিয়ানা এমন একটি পদে পদোন্নতির আশা করছেন যা শীঘ্রই খালি হয়ে যাবে বলে তিনি জানেন। তিনি জানেন যে, যাকে পদোন্নতি দেওয়া হবে সে বিষয়ে নির্ধারণ করার ক্ষেত্রে তার বস, ডেভিড, জড়িত থাকবেন। তিনি ডেভিডকে বলেন যে তিনি এই পদটির জন্য আবেদন করবেন, এবং তিনি এই পদোন্নতিতে অত্যন্ত আগ্রহী। ডেভিড বলেন, "আমরা দেখবো। এই পদে আগ্রহী আরো অনেকেই থাকবেন।"

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

এক সপ্তাহ পর, হোটেলে একরাত অবস্থান করা সহ তাতিয়ানা এবং ডেভিড একত্রে ব্যবসায়িক কাজে ভ্রমণ করেন। ডিনারে, ডেভিড তাতিয়ানাকে বলে, তিনি আশা করেন তাকে তিনি পদোন্নতি দিতে সমর্থ হবেন, কারণ তিনি তার সাথে কাজ করা সর্বদা উপভোগ করেছেন। তিনি তাকে বলেন যে অন্যান্য কিছু প্রার্থীকে "কাগজে কলমে ভালো দেখায়" কিন্তু সে (তাতিয়ানা)ই একমাত্র যাকে তিনি চান। তিনি তাকে বলেন, তাকে কাজটি পাইয়ে দিতে তিনি "প্রভাব খাটাতে পারেন" এবং তাতিয়ানা ডেভিডকে ধন্যবাদ জানায়। পরবর্তীতে ডেভিড পরামর্শ দেয় যে তারা তার হোটেল কক্ষে "পান করতে ও কিছু চিত্তবিনোদনের জন্য" যাবেন। তাতিয়ানা তার "অফার" প্রত্যাখ্যান করে।

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 1. ডেভিডের আচরণ তাতিয়ানা জন্য হয়রানি হতে পারে।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 1. ডেভিডের আচরণ তাতিয়ানা জন্য হয়রানি হতে পারে।

সত্য: তাতিয়ানার বস হিসেবে ডেভিডের আচরণ অসঙ্গত এবং যদি এই আচরণ তাকে অস্বস্থিতে ফেলে থাকে তাহলে এই আচরণকে তাতিয়ানার রিপোর্ট করা উচিত। "এই আচরণ কর্মক্ষেত্রের থেকে দূরে ঘটেছে" তা বলা অপ্রাসঙ্গিক। তাদের সম্পর্ক উর্ধ্বতন এবং অধস্তনের, এবং তাদের সকল মিথষ্ক্রিয়া কর্মক্ষেত্রে প্রভাব ফেলবে।

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 1. ডেভিডের আচরণ তাতিয়ানার জন্য হয়রানি হতে পারে।

সত্য: এই পর্যায়ে, ডেভিডের আচরণ, সুবিধা প্রদানের বিনিময়ে হয়রানি গঠন করতেও পারে অথবা নাও করতে পারে; তাতিয়ানা যদি তার অগ্রসরতাকে প্রত্যখ্যান করে তাহলে সে তার পদোন্নতিকে ভিন্নভাবে নিয়ন্ত্রণ করবে এই বলে ডেভিড কোনো হুমকি দেয়নি। তথাপি, তার "প্রভাব খাটাতে পারেন"-এর পরে তার হোটেল রুমে পান এবং চিত্তবিনোদনের জন্য যাওয়ার অফার জবরদস্তিমূলক বলে বিবেচিত হতে পারে। নিশ্চিতভাবে, যদি ডেভিড তার অগ্রসরতা চালিয়ে যায়— এমনকি কখনোই যদি সে কাজে সুবিধার বিষয়ে কোন হুমকি বা প্রতিজ্ঞা নাও করে— তারপরেও এটি তাতিয়ানার জন্য একটি প্রতিকূল পরিবেশ সৃষ্টি করতে পারে, যার জন্য নিয়োগকর্তা কঠোরভাবে দায়ী হতে পারেন,ডেভিড তার তত্ত্বাবধায়ক।

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 2. ডেভিড যৌন হয়রানির সাথে জড়িত।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 2. ডেভিড যৌন হয়রানির সাথে জড়িত।

সত্য: এটি এখন স্পষ্ট যে ডেভিড তাতিয়ানাকে যৌন সুবিধার বিনিময়ে তার পদোন্নতিপ্রাপ্তিতে সাহায্য করার অফার দিয়েছে।

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

তাতিয়ানা, যে সত্যিকারভাবে এই পদটি চায়, ডেভিডের সাথে বাইরে যেতে সিদ্ধান্ত নেয়। প্রায় প্রতি শুক্রবার তারা ডেভিডের জোরাজুরিতে বাইরে যায় এবং যৌনকর্মে লিপ্ত হয়। তাতিয়ানা ডেভিডের সাথে কোনো সম্পর্কে যেতে চায় না এবং তার সাথে বাইরে যাচ্ছে শুধুমাত্র এই কারণে যে সে মনে করে অন্যথায় সে তার পদোন্নতি আটকে দেবে।

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 3. তাতিয়ানা হয়রানির অভিযোগ করতে পারবেন না, কারণ তিনি স্বেচ্ছায় ডেভিডের সাথে যৌনকর্মে লিপ্ত হয়েছেন।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 3. তাতিয়ানা হয়রানির অভিযোগ করতে পারবেন না, কারণ তিনি স্বেচ্ছায় ডেভিডের সাথে যৌনকর্মে লিপ্ত হয়েছেন।

মিথ্যা: এই যৌনকর্ম যেহেতু তাতিয়ানার জন্য অনভিপ্রেত, তাই তিনি যৌন হয়রানির একজন শিকার । একইভাবে, তিনি যদি ডেভিডের অগ্রসরতাকে প্রত্যাখ্যান করতেন, তারপরেও তিনি যৌন হয়রানির শিকার হতেন। কর্মক্ষেত্রে তার উপরে অবস্থান করা কারো দ্বারা তাতিয়ানার প্রতি যৌন সুবিধার বিনিময়ে চাকরী সুবিধার যে অফার সেটি সুবিধা প্রদানের বিনিময়ে যৌন হয়রানি এবং নিয়োগকর্তা তার সুপারভাইজরের কর্মকান্ডের জন্য দায়বদ্ধতার প্রভাবাধীন হল।

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

তাতিয়ানার পদোন্নতি হয়েছে৷

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 4. তাতিয়ানা হয়রানির অভিযোগ করতে পারবেন না, কারণ তিনি কাজটি পেয়েছেন, অতএব, তার সাথে কোনো বৈষম্য হয়নি।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 4. তাতিয়ানা হয়রানির অভিযোগ করতে পারবেন না, কারণ তিনি কাজটি পেয়েছেন, অতএব, তার সাথে কোনো বৈষম্য হয়নি।

মিথ্যা: প্রলোভন হিসেবে ব্যবহৃত সুবিধা তিনি পেয়ে থাকলে বা না পেয়ে থাকলেও তাতিয়ানা যৌন হয়রানির গ্রহীতা বলে গণ্য হতে পারেন।

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

তাতিয়ানা ডেভিডের সাথে যৌন কর্ম বন্ধ করে দেয়। এরপর, তিনি তাকে খারাপ মূল্যায়ন প্রদান করেন এবং শিক্ষানবিশ সময় অতিক্রম করার পরে তিনি তার নতুন পদ থেকে অপসারিত হন এবং তার পুরনো কাজে ফেরত যান।

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 5. তাতিয়ানার জন্য অভিযোগ করতে "খুব বেশি দেরি" হয়ে গেছে। স্বেচ্ছা সম্পর্ক ভাঙার কারণে কোনো সুবিধাজনক জায়গা হারানো যৌন হয়রানির জন্য দাবি তৈরি করে না।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 5: একটি অরুচিকর লেনদেন

প্রশ্ন 5. তাতিয়ানার জন্য অভিযোগ করতে "খুব বেশি দেরি" হয়ে গেছে। স্বেচ্ছা সম্পর্ক ভাঙার কারণে কোনো সুবিধাজনক জায়গা হারানো যৌন হয়রানির জন্য দাবি তৈরি করে না।

মিথ্যা: এটি সত্য যে যদি কোনো সম্পর্ক সত্যিকারভাবে ঐকমত্যের ভিত্তিতে ভাগে এবং সে সময়ে তা স্বাগত হয় তাহলে, তা সাধারণত যৌন হয়রানির জন্য কোন দাবি তৈরি করে না। তবে, এই ক্ষেত্রে "সম্পর্ক"টি তাতিয়ানার কখনোই স্বাগত জানায়নি। ডেভিডের আচরণ সবসময়ই ছিল অসঙ্গত এবং নিয়োগকর্তার নীতিমালার গুরুতর লঙ্ঘন। ম্যানেজমেন্ট পদের ক্ষমতা এবং কর্তৃত্বের অপব্যবহার করা ব্যক্তি হিসেবে ডেভিড যৌন হয়রানিতে লিপ্ত হয়েছে।

উদাহরণ 6

উদাহরণ: 6: বাহ্যিক অবয়ব সম্পর্কিত একটি সমস্যা

লিওনার্দ ক্লার্ক টাইপিস্ট হিসেবে একটি বৃহৎ নিয়োগকর্তার অধীনে কাজ করেন। তিনি গয়না পড়তে পছন্দ করেন এবং তার পোশাকের সাথে তিনি প্রায়শই কানের দুল এবং নেকলেস পড়ে থাকেন। একজন পুরুষ হিসেবে লিওনার্দ গয়না পড়েন এবং একজন কেরাণী হতে চান, যা তার বস, মার্গারেট "অদ্ভুত" বলে মনে করেন। তার বাহ্যিক অবয়ব নিয়ে তিনি ঘন ঘন তার প্রতি তীব্র ব্যঙ্গপূর্ণ মন্তব্য করেন এবং "রসিকতা" করে তাকে তার অফিস বয় বলে ডাকেন। লিওনার্দ, যিনি গ্রাহক সম্পর্কের ক্ষেত্রে তার ক্যারিয়ারকে উন্নত করতে চান, একটি উন্মুক্ত পদোন্নতিমূলক পদে আবেদন করেন, যেটিতে "ফ্রন্ট ডেক্স" এলাকায় কাজ করতে হয়, যেখানে তার দায়িত্ব হবে মানুষের সাথে যোগাযোগ করা। মার্গারেট লিওনার্দকে বলেন যে, তিনি যদি সেই কাজটি চান তবে তাকে "আরও স্বাভাবিক" দেখাতে হবে, অন্যথায় মেইলরুমের সুপারভাইজরের জন্য তাকে পদোন্নতির অপেক্ষা করতে হবে।

উদাহরণ: 6: বাহ্যিক অবয়ব সম্পর্কিত একটি সমস্যা

প্রশ্ন 1. লিওনার্দের বস গ্রাহক পরিষেবা পদের জন্য গয়না পড়া অসঙ্গত - এটি বলে সঠিক করেছেন।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 6: বাহ্যিক অবয়ব সম্পর্কিত একটি সমস্যা

প্রশ্ন 1. লিওনার্দের বস গ্রাহক পরিষেবা পদের জন্য গয়না পড়া অসঙ্গত - এটি বলে সঠিক করেছেন।

মিথ্যা: লিওনার্দের গয়না পড়া একটি বিষয় মাত্র, কারণ মার্গারেট মনে করেন যে, পুরুষের জন্য এমন গয়না পড়া অস্বাভাবিক। ফলে, লিওনার্দের প্রতি তার মন্তব্য যৌন স্টেরিওটাইপিং গঠন করে।

উদাহরণ: 6: বাহ্যিক অবয়ব সম্পর্কিত একটি সমস্যা

এছাড়াও, মার্গারেট "সন্দেহ" করে যে লিওনার্দ সমকামী, যে বিষয়ে তিনি বলেন যে, "তার কোনো সমস্য নেই", কিন্তু তিনি ভাবেন যে লিওনার্দ "চাপা৷" তিনি তার ব্যক্তিগত জীবন নিয়ে প্রশ্ন করা শুরু করেন, যেমন "আপনি কি বিবাহিত?" "আপনার কি কোনো সঙ্গী রয়েছে?" "আপনার কি সন্তান আছে?" লিওনার্দ তার সব প্রশ্নে "না" উত্তর দিয়ে মার্জিতভাবে প্রতিক্রিয়া দিতে চেষ্টা করে, কিন্তু বিরক্ত হয়ে যাচ্ছেন৷ মার্গারেট লিওনার্দের সহকর্মীদের সাথে তার অনুমিত যৌন অভিযোজন নিয়ে গল্পগুজব শুরু করেছে৷

উদাহরণ: 6: বাহ্যিক অবয়ব সম্পর্কিত একটি সমস্যা

প্রশ্ন 2. লিওনার্দ লিঙ্গ এবং যৌন অভিযোজনের ভিত্তিতে হয়রানির একজন শিকার।

সত্য না কি মিথ্যা?

NEW YORK STATE | Combating Sexual Harassment

উদাহরণ: 6: বাহ্যিক অবয়ব সম্পর্কিত একটি সমস্যা

প্রশ্ন 2. লিওনার্দ লিঙ্গ এবং যৌন অভিযোজনের ভিত্তিতে হয়রানির একজন শিকার।

সত্য: লিওনার্দ লিঙ্গের ভিত্তিতে হয়রানি হচ্ছে কারণ মার্গারেটের লিঙ্গ স্টেরিওটাইপিং মেনে চলতে না পাড়ার কারণে হয়রানির শিকার হচ্ছেন।

এছাড়াও লিওনার্দ তার অনুভূত যৌন অভিযোজনের ভিত্তিতে হয়রানি হন। যৌন অভিযোজন হয়রানির দাবি করার জন্য লিওনার্দ সমকামী পুরুষ কি না সেটি কোনো ব্যাপার নয়।

উদাহরণ: 6: বাহ্যিক অবয়ব সম্পর্কিত একটি সমস্যা

লিওনার্দ সিদ্ধান্ত নেন যে এই সকল অবস্থার অধীনে পদোন্নতিতে তিনি ন্যায্য সুবিধা পাবে না এবং তিনি নিয়োগকর্তার মনোনীত ব্যক্তির কাছে মার্গারেটের আচরণ সম্পর্কে অভিযোগ করেন। মনোনীত ব্যক্তি একটি তদন্ত করেন এবং মার্গারেটকে বলেন যে লিওনার্দের গহনা কর্মক্ষেত্রের নিয়মের লঙ্ঘন নয়, তার লিঙ্গকে হিসেবে না নিয়ে এই পদের জন্য তাকে বিবেচনা করতে হবে, এবং তাকে অবশ্যই লিওনার্দকে অনধিকারপ্রবেশমূলক প্রশ্ন এবং তার ব্যক্তি জীবন সম্পর্কে খোশগল্প করা, হয়রানিমূলক মন্তব্য করা থেকে বিরত থাকতে হবে। মার্গারেট তার মন্তব্য, প্রশ্ন, এবং খোশগল্প বন্ধ করেছে, কিন্তু এরপরে একজন নারীকে এই উন্মুক্ত পদে পদোন্নতির জন্য সুপারিশ করে। পদোন্নতিপ্রাপ্ত নারীটির লিওনার্দ থেকে অনেক কম অভিজ্ঞ এবং কমিউনিটি কলেজ থেকে নেয়া তার দুই-বছরের গ্রাহক সম্পর্ক ডিগ্রীর অভাব রয়েছে।

উদাহরণ: 6: বাহ্যিক অবয়ব সম্পর্কিত একটি সমস্যা

প্রশ্ন 3. লিওনার্দ সম্ভবত লিঙ্গ, যৌন অভিযোজন এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্যের শিকার হয়েছেন।

সত্য না কি মিথ্যা?

উদাহরণ: 6: বাহ্যিক অবয়ব সম্পর্কিত একটি সমস্যা

প্রশ্ন 3. লিওনার্দ সম্ভবত লিঙ্গ, যৌন অভিযোজন এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্যের শিকার হয়েছেন।

সত্য: লিওনার্দকে পদোন্নতির জন্য সুপারিশ না করতে মার্গারেটের কারণ আমরা জানি না, মার্গারেটের জন্য পরিস্থিতি ভালো মনে হচ্ছে না। মনে হচ্ছে, তিনি হয়ত যে কারণে সে তাকে হয়রানি করেছিল সেই একই কারণে লিওনার্দের বিরুদ্ধে সে পক্ষপাতমূলক অথবা সে অভিযোগ করার কারণে সে প্রতিশোধ নিচ্ছে, অথবা (উভয়ই)।